



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০. ১৪৩.১৩. ২৬৪

তারিখ: ০৫/০৪/২০১৮ খ্রি:

বিষয় : কৈফিয়ত তলব প্রসঙ্গে।

সূত্র: বোরহানউদ্দীন, ভোলার স্মারক নং ৫০৯ তারিখ : ২৫/০৩/১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি সূত্রোক্ত স্মারক মূলে কৈফিয়ত তলবের যে জবাব প্রেরণ করেছেন তা সন্তোষজনক নয়। এছাড়া, ছুটি মঞ্জুরের বিষয়ে বিবেচনার জন্য ছুটির স্বপক্ষে আপনি প্রমাণক হিসেবে চিকিৎসক জনাব সৈয়দ মোঃ নেছার আলী'র যে মোবাইল নম্বর দিয়েছেন সে নম্বরে যোগাযোগ করে জানা যায় তিনি দীর্ঘদিন যাবৎ আপনার ব্যবস্থাপত্রে উল্লেখিত পটুয়াখালীর কলাপাড়ায় আফসানা ড্রাগ হাউজে চিকিৎসা সেবাদান করেন না। উল্লেখ্য, বর্ণিত ড্রাগ হাউজে চিকিৎসক জনাব সৈয়দ মোঃ নেছার আলী'র দীর্ঘদিন চিকিৎসা সেবা না দেওয়ার বিষয়টি কলাপাড়া উপজেলায় কর্মরত উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সরেজমিনে পরিদর্শন করে প্রকল্প দপ্তরকে নিশ্চিত করেছেন। ছুটির স্বপক্ষে প্রমাণক হিসেবে এ ধরনের মেডিক্যাল সনদ দাখিল এক ধরনের প্রতারণার সামিল। তাছাড়া, ইতোপূর্বে কর্মস্থলে অবস্থান না করাসহ কার্যক্রম বাস্তবায়নে আপনার অদক্ষতা, অবহেলা ও দায়িত্ব পালনে ব্যর্থতার কারণে বারংবার বেতনভাতার আংশিক স্থগিতসহ ব্যাখ্যা তলব করা সত্ত্বেও আপনার আচরণে কোন পরিবর্তন হয়নি। তাই নিয়োগপত্রের ৫নং শর্তানুযায়ী ০১(এক) মাসের বেতনভাতা প্রদানপূর্বক কেন আপনাকে চূড়ান্তভাবে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ০৭ কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য বলা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

জনাব ফারহানা আক্তার  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা  
ইরেসপো, বিআরডিবি  
বোরহানউদ্দীন, ভোলা।  
(মূলাদি, বরিশাল এ বদলি আদেশপ্রাপ্ত)

ও  
স্থায়ী ঠিকানাঃ পিতাঃ মোঃ ছাদেক, গ্রামঃ ছোট মানিকা  
পোঃ ও উপজেলাঃ বোরহানউদ্দীন; জেলাঃ ভোলা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ভোলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ বোরহানউদ্দীন/মূলাদি জেলা : ভোলা/বরিশাল।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)